গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)
ইমপ্রুভিং কম্পিউটার এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (ICSETEP)
প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (PMU)
লেভেল-৯, বাংলাদেশ কপিরাইট ভবন
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.icsetep.ugc.gov.bd

**বিষয়ঃ ইমপ্রুভিং কম্পিউটার এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (ICSETEP) শীর্ষক প্রকল্পের দ্বিতীয় RDG Board সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : প্রফেসর ড. এস এম এ ফায়েজ, চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও সভাপতি RDG Board |
| সভার তারিখ | : ২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. |
| সময় | : বেলা ০৩:০০ ঘটিকা |
| ভেন্যু | : বিডিরেন সভাকক্ষ (কক্ষ নং-৫৩১), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা |

সভায় উপস্থিতি বোর্ড সদস্যগণের নামের তালিকা নিম্নে দেয়া হলো:

১. প্রফেসর ড. এস এম এ ফায়েজ, চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২. প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান, সদস্য-১, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩. প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, সদস্য-২, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪. প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান, সদস্য-৩, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৫. অধ্যাপক ডঃ মাছুমা হাবিব, সদস্য-৪, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৬. প্রফেসর ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম, সদস্য-৫, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৭. গাজী মোঃ নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক (অ. দা.), ICSETEP

সভায় উপস্থিত কনসালটেন্টবৃন্দের নামের তালিকা:

১. প্রফেসর ড. শাহীনা সুলতানা, ওমেন আইটি লিডারশিপ প্রোগ্রাম স্পেশালিস্ট, ICSETEP;
২. প্রফেসর ড. মোঃ শাহরিয়ার রহমান, হায়ার এডুকেশন স্পেশালিস্ট, ICSETEP;

**০১। উপস্থাপনা:**

সভাপতি উপস্থিত RDG Board সদস্য ও সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ICSETEP প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইউজিসি সদস্য প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান সভাপতির অনুমতি নিয়ে দ্বিতীয় বোর্ড সভা আয়োজনের উদ্দেশ্য বর্ণনা করে সভাকে অবহিত করেন যে প্রথম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে ইতোমধ্যে RDG বিষয়ে দুটি awareness workshop, ADB এর সমন্বয়ে জাপানীজ বিশ্ববিদ্যালয়সমূহের সাথে একটি ওয়েবিনার এবং ৪টি proposal writing workshop অনুষ্ঠিত হয়েছে। অধিকন্তু, RDG উপ-প্রকল্প মূল্যায়নের Rubric প্রণয়নের জন্য ৩ পিআইইউ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিসহ বিশেষজ্ঞ অধ্যাপক ও গবেষকদের সমন্বয়ে একটি সভা করা হয়েছে। সভা ও ওয়ার্কশপসমূহে অংশীজনদের নিকট থেকে RDG অপারেশনস ম্যানুয়েলের উপর কিছু মন্তব্য, ফিডব্যাক ও পর্যবেক্ষণ পাওয়া গেছে এবং সেসব বিষয়ে অধিকতর ব্যাখ্যা ও সুস্পষ্টিকরণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সে লক্ষ্যে আজকের এ দ্বিতীয় RDG Board সভা আহ্বান করা হয়েছে। অত:পর সদস্য মহোদয় সভাপতির অনুমতি নিয়ে প্রকল্প পরিচালককে আলোচ্য বিষয়সমূহ সভায় আলোচনার জন্য উপাস্থন করতে আহ্বান জানালে প্রকল্প পরিচালক (অ: দাা:) সভায় আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**০২। RDG উপ-প্রকল্প প্রণয়নে PI ও Co-PI বিষয়ক আলোচনা:**

RDGOM এর অনুচ্ছেদ-২২.৩ অনুসারে উপ-প্রকল্প বাস্তবায়নে গবেষণা ও প্রশাসনিক সহযোগিতার জন্য ১/২ জন Co-PI নিয়োগের বিষয়ে বলা হয়েছে। অন্যদিকে, উপঅনুচ্ছেদ ২২.৬.৪ এর বর্ণনা অনুযায়ী SPMT organogram কে প্রয়োজন অনুসারে বাড়ানো/কমানোর সুযোগ রাখা হয়েছে। অধিকন্তু, অনুচ্ছেদ ২২.৩ অনুসারে PI এর অনুপস্থিতির কারনে Co-PI কর্তৃক PI এর দায়িত্ব পালনের কথা উল্লেখ রয়েছে। এছাড়া, অনুচ্ছেদ-১০.৪ (a) তে PI এবং Co-PI proposal submitting entity থেকে নিয়োগ করার কথা বলা হয়েছে।

এমতাবস্থায়, Co-PI-1 proposal submitting entity থেকে নিয়োগ হবেন বলে প্রতিয়মান হচ্ছে। Co-PI-2 collaborating entity থেকে নিয়োগ করার বিষয়ে RDGB এর ১ম সভায় সিদ্ধান্ত রয়েছে। একাধিক collaborating entity হলে Co-PI-3 উপঅনুচ্ছেদ ২২.৬.৪ অনুযায়ী নিয়োগ করার সুযোগ থাকে। উপপ্রকল্প প্রস্তাব দাখিলের ক্ষেত্রে যৌথ গবেষণা সহযোগী হিসেবে Co-PI-3 নেওয়ার ক্ষেত্রে উপঅনুচ্ছেদ ৭.৪(C) তে বর্ণিত SPMT এর সম্মানির ceiling অপরিবর্তিত রেখে SPMT organogram কে বর্ধিত করার বিষয়টি সভায় পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়:

**সিদ্ধান্ত:** একাধিক collaborating entity হলে Co-PI-3 উপঅনুচ্ছেদ ২২.৬.৪ অনুযায়ী নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপপ্রকল্প প্রস্তাব দাখিলের ক্ষেত্রে একাধিক collaborating entity হলে যৌথ গবেষণা সহযোগী হিসেবে Co-PI-3 নেওয়া যেতে পারে। সে ক্ষেত্রে উপঅনুচ্ছেদ ৭.৪(C) তে বর্ণিত SPMT এর সম্মানির ceiling এ কোন পরিবর্তন হবে না। সকল area তে Co-PI-1 proposal submitting entity থেকে থাকতে হবে। Area-d (IT Solutions Addressing Disability Issues) তে যদি Co-PI-3 কোন বিশ্ববিদ্যালয় থেকে হয়ে থাকেন, তবে তাকে social sciences research domain অথবা disability issues সম্পর্কিত domain এর হতে হবে।

**০৩। RDG উপ-প্রকল্প মূল্যায়নের criteria ও sub-criteria নির্ধারণ বিষয়ক আলোচনা:**

RDGOM এর অনুচ্ছেদ-১৮ এ উপ-প্রকল্পসমূহকে মূল্যায়নের জন্য প্রতিটি area তে criteria ও sub-criteria ভিত্তিক নম্বর দেয়া আছে। মানসম্পন্ন উপপ্রকল্প প্রস্তাবনা প্রণয়ন এবং মূল্যায়নের গুণমান ও ধারাবাহিকতা নিশ্চিতকরণের লক্ষ্যে sub-criteria সমূহের জন্য sub-components/key indicators নির্ধারণ করার বিষয়ে সভায় আলোচান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** মানসম্পন্ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন এবং মূল্যায়নের গুনমান ও ধারাবাহিকতা নিশ্চিতকরণের লক্ষ্যে sub-criteria সমূহের জন্য sub-components/key indicators নির্ধারণ করার সিদ্ধান্ত হয়। সেইসাথে, প্রস্তাবনাসমূহের Section A এর similarity score অবশ্যই ৩০% এর নিচে হতে হবে। বিদ্যমান উৎসের সাথে মিল এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) টুল দ্বারা তৈরি বিষয়বস্তু উভয়ই এর অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপ-প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নের নিমিত্তে ০৪টি এরিয়ার sub-components/key indicators (সংলাগ-১) নির্ধারণপূর্বক অনুমোদিত হয়।

**০৪। Academy-Industry collaboration উপ-প্রকল্পে Industry collaboration বিষয়ক আলোচনা:**

RDGOM এর উপঅনুচ্ছেদ ৩.২(a) Area-a (Academy-Industry collaboration) তে "This collaboration includes both industry and international(foreign) universities" উল্লেখ রয়েছে। এমতাবস্থায় Area-a তে collaborating entity হিসেবে ইন্ডাস্ট্রীর অন্তর্ভুক্তি বাধ্যতামূলক হিসেবে প্রতীয়মান হওয়ায় এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ** Area-a তে collaborating entity হিসেবে ইন্ডাস্ট্রীর অন্তর্ভুক্তি বাধ্যতামূলক।

**০৫। Interdisciplinary R&D উপ-প্রকল্প বিষয়ক আলোচনা:**

RDGOM এর উপঅনুচ্ছেদ ৩.২(b) Area-b (Interdisciplinary R&D) সম্পর্কে বলা হয়েছে "IT solutions combined with other engineering and non-engineering academic disciplines such as medicine, education, public services, infrastructure development and maintenance, to develop new products or services". এক্ষেত্রে, academic disciplines এর অধিকতর ব্যাখ্যা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় অভিমত ব্যক্ত করা হয়ে যে Organizations/institutes that conduct relevant research and projects in medicine, education, public services, infrastructure development and maintenance তারাও এর অন্তর্ভূক্ত হতে পারে। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ** Area-b (Interdisciplinary R&D) তে উল্লেখিত academic disciplines কে নিম্নোক্তভাবে ব্যাখ্যা করতে হবে -

A. Organizations/institutes offering tertiary-level degrees in relevant field, or
B. Organizations/institutes that conduct relevant research and projects

Medicine, education, public services, infrastructure development and maintenance ইত্যাদি বিষয়ক গবেষণা কাজে যেসব সরকারী/স্বায়ত্তশাসিত/বেসরকারী শিক্ষা, গবেষণা ও সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের যৌথ গবেষণার অনুশীলন আছে সেসব প্রতিষ্ঠানসমূহকে Area-b তে academic disciplines হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে।

**০৬। Cutting Edge R&D উপ-প্রকল্প বিষয়ক আলোচনা:**

RDGOM এর উপঅনুচ্ছেদ ৩.২(c) Area-c তে সরকারী/ স্বায়ত্তশাসিত/বেসরকারী শিক্ষা, গবেষণা ও সেবাদানকারী প্রতিষ্ঠান থেকে এবং foreign university থেকে Co-PI হিসেবে রাখার বিষয়টি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়:

**সিদ্ধান্ত:** Area-c তে সরকারী/ স্বায়ত্তশাসিত/বেসরকারী শিক্ষা, গবেষণা ও সেবাদানকারী প্রতিষ্ঠান থেকে এবং foreign university থেকে Co-PI নেয়া যাবে তবে এতে Area-C এর evaluation criteria তে কোন পরিবর্তন হবে না।

**০৭। R&D উপ-প্রকল্পে foreign university হতে Co-PI অন্তর্ভুক্তিকরণ বিষয়ক আলোচনা:**

উন্নতমানের গবেষণা উপপ্রকল্প প্রণয়নের লক্ষ্যে সকল এরিয়াতেই (Area-a, Area-b, Area-c, Area-d) foreign university থেকে Co-PI রাখার বিষয়টি পর্যালোচনা করে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়:

**সিদ্ধান্তঃ** উন্নতমানের গবেষণা উপপ্রকল্পের লক্ষ্যে সকল এরিয়াতেই (Area-a, Area-b, Area-c, Area-d) foreign university থেকে Co-PI রাখা যাবে।

**০৮। প্রাকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা ADB এর eligible expenditure বিষয়ক আলোচনা:**

ম্যানুয়েলের (RDGOM) অনুচ্ছেদ-৭ এ উপপ্রকল্পে ব্যয়ের খাত সম্পর্কে নির্দেশনা দেয়া আছে। কিন্তু ADBএর ব্যয়নীতি সম্পর্কে স্পষ্ট করে উল্লেখ করা নেই। ADBএর ব্যয়নীতি অনুযায়ী উপপ্রকল্পে ব্যয়ের যথার্থতা নিশ্চিতকরণে ADB এর পক্ষ হতে প্রকল্পের team leader অনুমোদন যোগ্য ব্যয় খাত (eligible expenditure) বিষয়সমূহ উল্লেখ করে যে ইমেইল প্রেরণ করেন তা নিয়ে সভায় আলোচনা করা হয়। ADB এর team leader অনুমোদন যোগ্য ব্যয় খাত (eligible expenditure) সম্পর্কে প্রকল্প দপ্তরকে অবহিত করেন যে, Foreign stay/university collaboration/suppliers/consultants/ contractors এর ক্ষেত্রে ব্যয়ের খাত ADB member countries এর মাঝে সীমাবদ্ধ রাখতে হবে; civil works খাতে ব্যয় বরাদ্দ রাখা যাবে না; সামরিক খাতের জন্য প্রস্তাবিত উপপ্রকল্পসমূহকে RDG এর আওতামুক্ত রাখতে হবে; ADB কর্তৃক sanction আরোপিত ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহে উপ-প্রকল্পের অর্থ ব্যয় করা যাবে না। ADB আরোপিত উপরোক্ত শর্তাবলী proposal submitting entity সমূহকে অবহিত করার বিষয়টি আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:** উপ-প্রকল্প প্রণয়নে Foreign stay/university collaboration/suppliers/consultants/ contractors এর ক্ষেত্রে ব্যয়ের খাত ADB member countries এর মাঝে সীমাবদ্ধ রাখতে হবে; civil works খাতে ব্যয় বরাদ্দ রাখা যাবে না; সামরিক খাতের জন্য প্রস্তাবিত উপপ্রকল্পসমূহকে RDG এর আওতামুক্ত রাখতে হবে; ADB কর্তৃক sanction আরোপিত ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহ RDG এর জন্য অযোগ্য ঘোষিত হবেন। Proposal submitting entity সমূহকে উপরোক্ত শর্তাবলী মেনে উপ-প্রকল্প প্রণয়ন করতে হবে মর্মে বিষয়টি জানিয়ে দেয়ার সিদ্ধান্ত হয়।

**০৯। RDG উপ-প্রকল্প জমাদানের মেয়াদ বিষয়ক আলোচনা:**

বিগত ১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত প্রকল্প প্রস্তাব আহ্বানের বিজ্ঞপ্তিতে প্রস্তাব দাখিলের সময়সীমা ১৩ অক্টোবর উল্লেখ করা হয়েছিল। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অনুরোধের প্রেক্ষিতে প্রস্তাব দাখিলের সময়সীমা বর্ধিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ** প্রস্তাব দাখিলের সময়সীমা বর্ধিত করে ২০ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ নির্ধারিত হয়।

আর কোনো আলোচনা না থাকায় সভার সভাপতি সভার কাজ সমাপ্ত করেন।

(প্রফেসর ড. এস এম এ ফায়েজ)
সভাপতি, RDG Board, ICSETEP
ও
চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

Ref No.: UGC/1CSETEP/RDGB/2025/114/880 তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (বোর্ড সদস্যগণ:

১. প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান, সদস্য-১, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

২. প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, সদস্য-২, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৩. প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান, সদস্য-৩, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৪. অধ্যাপক ডঃ মাছুমা হাবিব, সদস্য-৪, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৫. প্রফেসর ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম, সদস্য-৫, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৬. গাজী মোঃ নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক (অ. দা.), ICSETEP

২৮/০৯/২০২৫

(গাজী মোঃ নজরুল ইসলাম)
প্রকল্প পরিচালক (অ. দা.), ICSETEP
ই-মেইল: pd-icsetep@ugc.gov.bd
মোবাইল: ০১৬৭৫৫০১৪৬৩